

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪৮

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১২৯. জুমু'আর সালাতের জন্য গোসল করা

باب فِي الْفُسْلِ يَوْمَ الْجُمُعَةِ

### আরবী

حَدَّ ثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّ ثَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ، حَدَّ ثَنَا زَكَرِيَّا، حَدَّ ثَنَا مُصْعَبُ بْنُ شَيْبَةَ، عَنْ طَلْقِ بْنِ حَبِيبِ الْعَنَزِيِّ، عَنْ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَائِشَةَ، أَنَّهَا حَدَّ ثَتْهُ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَغْتَسِلُ مِنْ أَرْبَعٍ مِنَ الْجَنَابَةِ وَيَوْمِ الْجُمُعَةِ وَمِنَ الْجَجَامَةِ وَمِنْ عُسْلِ الْمَيِّتِ .

\_ ضعیف: و سیأتی برقم ۱۹۳ و ۳۱٦۰

#### বাংলা

৩৪৮। 'আব্দুল্লাহ ইবনু যুবাইর (রাঃ) হতে 'আয়িশাহ্ (রাঃ)-এর সূত্রে বর্ণিত। তিনি ('আয়িশাহ্) তাঁকে বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চারটি কারণে গোসল করতেনঃ (১) জানাবাতের দরুন, (২) জুমুআর জন্য, (৩) শিংগা লাগানোর পর এবং (৪) মৃতের গোসল দেয়ার পর।[1]

দুর্বল: আসছে ক্রমিক নং ৬৯৩ ও ৩১৬০ তে।

### **English**

Narrated Aisha, Ummul Mu'minin:

The Prophet () would take a bath because of sexual defilement on Friday, after opening a vein and after washing a dead body.

## ফুটনোট



[1] আহমাদ (৬/১৫২), ইবনু খুয়াইমাহ (২৫৬), হাকিম (১/১৬৩) সকলেই যাকারিয়্যাহ ইবনু যায়িদাহ সূত্রে। ইমাম হাকিম বলেন, বুখারী ও মুসলিমের শর্তে সহীহ, তবে তাঁরা এটি বর্ণনা করেননি। যাহাবী তার সাথে একমত। কিন্তু মুস'আব ইবনু শায়বাহ থেকে কেবল মুসলিম বর্ণনা করেছেন, যেমন 'আত-তারুরীব' গ্রন্তে রয়েছে। আর তিনি হাদীস বর্ণনায় শিথিল। সনদের যাকিয়্যাহ ইবনু আবূ যায়িদাহ একজন মুদাল্লিস এবং তিনি এটি আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু-যুবায়র (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন